দৈনিক সংবাদ

JAN. 07 2002

তারিখ ...............
পৃষ্ঠা ১২ কলাম ৬

# প্রতিজেলায় ১টি করে ইংরেজি শিক্ষাকেন্দ্র

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আগামী মাস থেকে সরকার ইংরেজি শিক্ষাদানের উদ্দেশ্যে ৬৪টি জেলায় ১টি করে বিশেষ ইংরেজি শিক্ষাকেন্দ্র চালু করতে যাচ্ছে। বিশেষ শিক্ষাকেন্দ্রে সরকারি- বেসরকারি নির্বিশেষে সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-শিক্ষককে অন্তর্ভুক্ত করার জন্য বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন সরকারের কাছে আহ্বান জানিয়েছে। গত শনিবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এক সভায় এ আহ্বান জানানো হয়।

ইংরেজি ঃ পৃঃ ২ কঃ ৪

## ইংরেজি ঃ শিক্ষাকেন্দ্র

( ১২-এর পৃষ্ঠার পর )

শিক্ষার মান উন্নয়নের জন্যে শিক্ষক সংগঠনগুলোকে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচিতে রাখার জন্য সভায় বক্তারা সরকারের প্রতি দাবি জানান। তারা বিশেষ করে ইংরেজি কম্পিউটার বিজ্ঞান ও গণিতসহ বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরেন।

সভাশেষে কল্যাণ ট্রাস্টের বিদায়ী সচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদসহ অন্য সদস্যদের সম্মাননা দেয়া হয়। সভায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, অধ্যক্ষ কাজী ফারুক আহমদ, অধ্যক্ষ এ. কে. এম জহিরুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক ও মো. আজিজুল ইসলাম।

প্রত্যেক জেলায় বিশেষ ইংরেজি শিক্ষাকেন্দ্র খোলার জন্য এক বিবৃতিতে ফেডারেশন সরকারকে অভিনন্দন জানায়।